

উখিয়ার ১৮ শিক্ষা প্রতিষ্ঠান উপবৃত্তি পাচ্ছে না

■ উখিয়া (কক্সবাজার) সংবাদদাতা

উখিয়ায় মাদ্রাসা ও মাধ্যমিক স্তরের প্রায় ১৮টি শিক্ষা প্রতিষ্ঠান দেড় বছর যাবৎ উপ-বৃত্তির টাকা পাচ্ছে না। তালিকাভুক্ত উপ-বৃত্তি সুবিধাভোগী ছাত্র-ছাত্রীরা সরকারি অনুদানের টাকা না পাওয়ায় মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়লে খায় অমনোযোগী হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে বলে মনে করছেন শিক্ষানুরাগী সচেতন মহল।

বর্তমান সরকার শিক্ষাকে অধিকতর গুরুত্ব দিয়ে এ খাতে সর্বোচ্চ বরাদ্দ রেখেছে। হতদরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের পড়াশুণায় আগ্রহ সৃষ্টি করে স্বরে পড়া প্রবৃত্তি প্রতিরোধ সৃষ্টির লক্ষ্যে সরকার ৩০ শতাংশ ছাত্রী ও ১০ শতাংশ ছাত্রের উপ-বৃত্তির আওতায় এনে উপ-বৃত্তি প্রদানের প্রকল্প বাস্তবায়ন করে। কিন্তু গত দেড় বছর ধরে অজ্ঞাত কারণে প্রায় ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা উপ-বৃত্তির টাকা পাচ্ছে না।

উখিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাষ্টার আবুল হোসাইন সিরাজী জানান, ইতিপূর্বে রূপালী ব্যাংক থেকে উপ-বৃত্তির টাকা প্রদান করা হতো। সম্প্রতি এ উপ-বৃত্তি প্রকল্প ডাচ বাংলা ব্যাংকে হস্তান্তর করায় তারা আনুসঙ্গিক প্রক্রিয়া সম্পন্ন করে উপ-বৃত্তির টাকা প্রদানে বিলম্ব হচ্ছে। তিনি আরো বলেন, সম্প্রতি ডাচ বাংলা ব্যাংকের প্রতিনিধিরা ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় ডাটা সংগ্রহ করলেও কখন টাকা ছাড় দেয়া হবে তা এ মুহূর্তে বলা যাচ্ছে না।